

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 14-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayet Minister :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণের সভাপতিত্বে গতকাল সরকারি অতিথিশালায় পঞ্চায়েত দপ্তরের পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে পশ্চিম ত্রিপুরা জেলায় ত্রিস্তর পঞ্চায়েতে কি কি উন্নয়নমূলক কাজ রূপায়ণ করা হয়েছে এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় পঞ্চায়েত মন্ত্রী পশ্চিম ত্রিপুরা জেলায় গ্রামীণ জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে এবং পরিকাঠামো উন্নয়নে আগামী তিন মাসে কি কি কর্মসূচি রূপায়ণ করতে হবে তা দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

\*\*\*\*\*

**New Criminal Laws–Amit Sah :**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে গত বছর বাস্তবায়িত তিনটি ঐতিহাসিক ফৌজদারি আইন বিচার ব্যবস্থাকে দ্রুত, সরল এবং আরও সহজলভ্য করে তুলেছে। তিনি এই আইনগুলিকে ন্যায়বিচারের সহজতা নিশ্চিত করার দিকে একটি বড় পদক্ষেপ হিসাবে বর্ণনা করেছেন। নতুন ফৌজদারি আইন বাস্তবায়নের এক বছর পূর্তি উপলক্ষে একটি রাজ্য পর্যায়ের প্রদর্শনীর উদ্বোধনের পর গতকাল জয়পুরে এক অনুষ্ঠানে তিনি বলেন, বিস্তৃত আলোচনা এবং শত শত মানুষের পরামর্শ বিবেচনার পরে আইনগুলি প্রণয়ন করা হয়েছে।

#####Byte–Amit Shah #####

\*\*\*\*\*

**Voice Over–Unity March :**

ভারতের লৌহমানব সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেশব্যাপী সর্দার @১৫০ ইউনিটি মার্চ শীর্ষক পদযাত্রার আয়োজন করা হবে আগামী ৩১ অক্টোবর থেকে। কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের 'মাই ভারতের' উদ্যোগে এই পদযাত্রা অনুষ্ঠিত হবে। এ নিয়ে একটি প্রতিবেদন।

#####

\*\*\*\*\*

#### **Anita Anand :**

কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দ গতকাল নতুন দিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। শ্রী মোদী, তাঁকে অভ্যর্থনা জানান ও বলেন, ভারত কানাডা কৌশলগত অংশীদারিত্বে তাঁর এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি গত জুনে জি সেভেন বৈঠকে তাঁর সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে ফলপ্রসূ বৈঠকের কথা তুলে ধরেন।

\*\*\*\*\*

#### **PM Gati Shakti Scheme :**

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল বলেছেন, 'পি এম গতিশক্তি' প্রকল্প বৃহৎ পরিকল্পনা ও বাস্তবায়নের ক্ষেত্রে এক সেতু হিসেবে কাজ করছে। নতুন দিল্লীতে চতুর্থ সংস্করণের 'পি এম গতিশক্তি জাতীয় মাস্টার প্ল্যান'-এর অনুষ্ঠানে মন্ত্রী বলেন, এই উদ্যোগ সব সরকারি বিভাগের মধ্যে সমন্বয় সাধনের কাজ করছে। শ্রী গোয়েল বলেন, বিকশিত ভারত ২০৪৭ এর পথে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পরিকাঠামো ক্ষেত্রের রূপান্তরে এই প্রকল্প বিশেষ ভূমিকা পালন করছে।

\*\*\*\*\*

#### **Meeting Dipabali :**

বিধায়ক রঞ্জিত দাসের সভাপতিত্বে গতকাল আসন্ন দীপাবলী উপলক্ষ্যে অমরপুর মহকুমায় শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য নতুনবাজার থানায় এক

প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কালীপূজায় সর্বত্র শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য পূজা কমিটিগুলির প্রতি আহ্বান জানান বিধায়ক শ্রী দাস।

\*\*\*\*\*

### **Bihar Election :**

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য গতকাল বিজ্ঞপ্তি জারি করেছে। সেই সঙ্গেই শুরু হবে ২০টি জেলার ১২২টি আসনে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ। ২০শে অক্টোবর পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। একুশে অক্টোবর সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ২৩শে অক্টোবর। এই পর্বে ভোট নেওয়া হবে ১১ই নভেম্বর। ২৪৩ আসনের বিহার বিধানসভা নির্বাচনে ভোট গণনা ১৪ই নভেম্বর।

\*\*\*\*\*

### **Employees' Enrolment Campaign 2025 :**

সরকার কর্মীদের সামাজিক নিরাপত্তা প্রদানের সীমা সম্প্রসারণের জন্য কর্মচারী তালিকাভুক্তি অভিযান ২০২৫ চালু করেছে। এই অভিযানের উদ্দেশ্য হল নিয়োগকর্তাদের স্বেচ্ছায় যোগ্য কর্মীদের ঘোষণা এবং তালিকাভুক্ত করতে উৎসাহিত করা। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পটি চলতি বছরের ১লা নভেম্বর থেকে আগামী বছরের ৩০ এপ্রিল পর্যন্ত কার্যকর থাকবে।

\*\*\*\*\*

### **Women Cricket :**

গোয়ালিয়রে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের চতুর্থ ম্যাচে গতরাতে ত্রিপুরা পরাজিত হয়েছে। মাধবরাও সিন্ধিয়া স্টেডিয়ামে এলিট পুলে গ্রুপের খেলায় হিমাচল প্রদেশ ২১ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে হিমাচল ২০ ওভারে ৭ উইকেটে ১২৫ রান করে। জবাবে রাজ্যদল ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ১০৪ রান সংগ্রহ করতে সক্ষম হয়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*